

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩২.১৯.১৪৩

তারিখ: ৩ ভাদ্র ১৪২৬

১৮ আগস্ট ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে
টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৩.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোছাম্মৎ রোকেয়া খাতুন, সহকারী শিক্ষক, ভাষা (বাংলা/ইংরেজী), বারোমহাটি সমবায় উচ্চবিদ্যালয় (ভোকেশনাল শাখা), থানা: লালপুর, জেলা: নাটোর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৭-১০২২, তারিখ: ১৮.১১.২০১৮ খ্রি: মূলে জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত হওয়ার কারণে আবেদনকারীর (জনাব মোছাম্মৎ রোকেয়া খাতুন) এমপিও বাতিল করা হয়। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৭-১০২২, তারিখ: ১৮.১১.২০১৮ খ্রি:-কে তর্কিত আখ্যায়িত করে রিট আবেদনকারী জনাব মোছাম্মৎ রোকেয়া খাতুন কর্তৃক মামলাটি দায়ের করা হয়েছে এবং মামলাটির রুল নিশিতে স্মারক পত্রটির উপর ০৬ (ছয়) মাসের স্থিতাবস্থা জারী করা হয়েছে।


০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্ট এবং পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর (যদিও রুল নিশিতে ভুলক্রমে পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা বোর্ড লিখা আছে)-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলায় গত ০৩.০২.২০১৯ খ্রি: তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ আদেশ জারী করা হয়েছে:

" Pending hearing of the Rule, let operation of the impugned Memo No. ৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৭-১০২২ dated 18.11.2018 (Annexure-E), issued under the signature of the respondent No.3, be stayed for a period of 06(six) months from date."

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ তথ্য আগামী ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৮-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩২.১৯.১৪৩/১(৭)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৬
১৮ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১৮-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)